

গণপজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


নং-৩৪.০০.০০০০.০৫১.৩১(অনুদান).০০১.১৭-২২৭

তারিখ : ১০ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ  
২৫ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : যুবকল্যাণ তহবিল থেকে নির্বাচিত যুব সংগঠনসমূহকে ০১ নভেম্বর জাতীয় যুবদিবস-২০১৭ উপলক্ষে অনুদানের চেকসমূহ বিতরণের ব্যবস্থা গ্রহণ।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে ২০১৬-২০১৭ অর্থবছরের জন্যে নির্বাচিত যুব সংগঠনসমূহকে ০১ নভেম্বর জাতীয় যুব দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে জেলা/উপজেলা পর্যায়ে অনুদানের চেকসমূহ গত বছরের ন্যায় বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তদনুযায়ী বিভাগভিত্তিক সংশ্লিষ্ট জেলার নির্বাচিত যুব সংগঠনের তালিকা অনুযায়ী বরাদ্দকৃত অর্থের ইস্যুকৃত চেকসমূহ ঢাকাস্থ যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে ২৫ অক্টোবর, ২০১৭ তারিখ বিভাগীয় কর্মকর্তা/প্রতিনিধির নিকট প্রদান করা হয়েছে।

এ পরিপ্রেক্ষিতে জেলার নির্বাচিত যুব সংগঠনের তালিকা অনুযায়ী বরাদ্দকৃত অর্থের ইস্যুকৃত ক্রেসড চেকসমূহ এবং চেক বিতরণ সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্দেশনা সংবলিত পত্র ( অঙ্গীকারনাম, প্রাপ্তি রশিদ ও অনুদান ব্যবহারের নির্দেশিকা ) আগামী ৩০ অক্টোবর, ২০১৭ তারিখের মধ্যে উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর (বিভাগীয় সদর), ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ থেকে তাঁকে বা তাঁর মনোনীত উপযুক্ত কর্মকর্তা কর্তৃক সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোঃ তৌফিক ইমাম  
সিনিয়র সহকারী সচিব (যুব-১)  
ফোনঃ ৯৫৭৫৫০৯

উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
জেলা কার্যালয় (সকল)।

অনুলিপি :

জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ২। যুগ্মসচিব (যুব/যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ৪। উপসচিব (যুব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। কম্পিউটার প্রোগ্রামার, আইটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।